

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
তপসীডাঙ্গা, যশোর  
pbs1.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০১.০০৮.২১. ৪৮০৬

তারিখঃ- ২৬ শ্রাবণ' ১৪২৮ বঙ্গাব্দঃ  
১০ আগস্ট' ২০২১খ্রিঃ

নিলাম বিজ্ঞপ্তি

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিম্নবর্ণিত ব্যবহার অযোগ্য ০২টি সার্ভার, ০৫টি ডেস্কটপ কম্পিউটার, ০১টি ল্যাপটপ কম্পিউটার, ০৭টি ইউপিএস, ০৭টি ডট মেট্রিক্স প্রিন্টার, ০৭টি লেজার প্রিন্টার ও ০৩টি এয়ারকুলার মেশিন সমূহ “যেখানে যে অবস্থায় আছে” ভিত্তিতে নিলামে বিক্রয়ের জন্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে আগ্রহী ফ্রেতা/ প্রতিষ্ঠান এর নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে পূর্ণ ঠিকানা, স্বাক্ষর ও সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছেঃ

ক্র নং	মালামালের বিবরণ	পরিমাণ	দরদতা কর্তৃক দাখিলকৃত দর (টাকা)	
			একক মূল্য	মোট মূল্য
০১	Server (IBM X3400 M3, Dell PowerEdge 2900)	০২		
০২	Desktop Computer set (CPU and Monitor)	০৫		
০৩	Laptop Computer (Dell)	০১		
০৪	UPS	০৭		
০৫	Dot Printer	০৭		
০৬	Laser Printer	০৭		
০৭	Air Cooler	০৩		
			সর্বমোট =	

(কথায়ঃ.....)


শর্তাবলীঃ

- ০১। দরপত্র আগামী ১৭/০৮/২০২১খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ম তলা) পূর্ব অংশ খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (খ) জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না। প্রাপ্ত দরপত্র সমূহ ঐ দিনই অর্থাৎ ১৭/০৮/২০২১খ্রিঃ তারিখ ১২:৩০ ঘটিকার সময় (ক) পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃঅঃ) পরিদপ্তর ও (খ) সমিতির সদর দপ্তরে উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০২। নিলাম দরপত্রের খামের উপরে “ব্যবহার অযোগ্য কম্পিউটার ও কম্পিউটার এক্সেসরিজ মালামাল নিলাম দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে খামে লিখতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে অথবা সাদা কাগজে উপরোক্ত ছকে দর উল্লেখ পূর্বক পূর্ণ ঠিকানা লিপিবদ্ধ করণসহ সীলমোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খাম সীলগালা করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৩। টেন্ডারে রক্ষিত কম্পিউটারের ব্যবহার অযোগ্য মালামাল নিলামে ক্রয়ের জন্য নিলাম দরদাতাকে উদ্ধৃত নিলাম দরের ২৫% (পঁচিশ শতাংশ) হারে আর্নেস্ট মানি “যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১” এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে। অন্যথায় নিলাম দরপত্র গ্রহণযোগ্য হবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হবে। উল্লেখিত ০৭টি আইটেমের মালামালের সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হিসেবে বিবেচনা করা হইবে। এ ক্ষেত্রে কোন একক আইটেমের দর বিবেচনা করা হইবে না।

অপর পাতায়


২য় পাতা

- ০৪। আগ্রহী নিলাম দরদাতাগণ স্টোরে রক্ষিত কম্পিউটারের ব্যবহার অযোগ্য মালামাল অফিস চলাকালীন সময়ে অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে দেখতে পারবেন এবং নিলাম দরপত্র সংক্রান্ত যে কোন তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০৫। অত্র পবিস কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন নিলাম মূল্যের নীচে কোন নিলাম দরপত্র বিবেচনা করা হবে না।
- ০৬। সর্বোচ্চ নিলাম দরদাতাকে দরপত্র সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% (পঁচাত্তর) মূল্য এবং উদ্ধৃত মোট নিলাম দরের উপর সরকারী বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর নগদ/ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ পরিশোধ করে মালামাল গ্রহণে ব্যর্থ হলে আর্নেস্ট মানি বাজেয়াপ্ত করা হবে। ব্যাংক ড্রাফট এর ক্ষেত্রে ব্যাংক ড্রাফট নগদায়নের পর মালামাল সরবরাহ করা হবে। অকৃতকার্য নিলাম দরদাতাকে নিয়মানুযায়ী আর্নেস্ট মানি ফেরত প্রদান করা হবে।
- ০৭। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ০৮। উল্লিখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(আবু বকর শিবলী)  
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।)

- ০১। পরিচালক পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০২। পরিচালক, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বাপবিবোর্ডের ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রকাশের অনুরোধসহ)
- ০৩। জেলা প্রশাসক, যশোর।
- ০৪। পুলিশ সুপার, যশোর।
- ০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ..... পবিস ১/২/৩/৪।
- ০৬। নির্বাহী প্রকৌশলী, যশোর জোন, বাপবিবো, যশোর।
- ০৭। মেয়র, পৌরসভা কার্যালয়, যশোর।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, বাপবিবোর্ড, যশোর।
- ০৯। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপদ, যশোর।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর/ শার্শা/ বিকরগাছা/ চৌগাছা/ বাঘারপাড়া উপজেলা, যশোর।
- ১১। ডিজিএম, শার্শা/বিকরগাছা/বাঘারপাড়া/চৌগাছা, যশোর পবিস -১।
- ১২। এজিএম (অর্থ- হিসাব), যশোর পবিস -১।
- ১৩। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি), যশোর পবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ১৪। মেসার্স .....
- ১৫। নোটিশ বোর্ড, যশোর পবিস -১।
- ১৬। অফিস কপি / মাস্টার কপি।

  
জেনারেল ম্যানেজার